

B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় বাংলা : (সাম্মানিক)

Course : DSE-1

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) 'শূরসুন্দরী' কাব্যটি কার লেখা? এই কাব্য প্রণেতার আর একটি কাব্যের নাম লেখো।
- (খ) মাইকেল মধুসূদন রচিত ওড জাতীয় কাব্যগ্রন্থ কোনটি? এটি কত সালে প্রকাশিত হয়?
- (গ) 'বৃহসংহার' ক-টি খণ্ডে প্রকাশিত হয়? কাব্যের মোট সর্গসংখ্যা কত?
- (ঘ) মাইকেল মধুসূদনের 'মেঘনাদবধ কাব্য'-এর আদলে যে ব্যঙ্গ মহাকাব্যটি লেখা হয়েছিল, তার নাম কী? কার লেখা?
- (ঙ) 'ভারত উদ্ধার' কার লেখা? এটি কী ধরনের কাব্য?
- (চ) গৌতম বুদ্ধ ও যিশু খ্রিস্টের জীবন অবলম্বনে নবীনচন্দ্র সেন কোন কোন কাব্য রচনা করেন?
- (ছ) 'অপূর্ব বীরঙ্গনা' কাব্যটি কে লেখেন? মধুসূদনের প্রভাবে লেখা তাঁর অপর কাব্যটির নাম কী?
- (জ) 'অভিন্যুবধ' অবলম্বনে লেখা মানকুমারী বসু রচিত কাব্যগ্রন্থটির নাম কী? তাঁর লেখা অন্য একটি কাব্যের নাম লেখো।
- (ঝ) রামমোহন রায়ের লেখা দুটি বিচারমূলক রচনার নাম লেখো।
- (ঞ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত সাহিত্যবিষয়ক সমালোচনা গ্রন্থটির নাম কী? এটি কত সালে প্রকাশিত হয়?
- (ট) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় রচিত একমাত্র প্রবন্ধ-গ্রন্থ কোনটি? এটি কোন রচনার প্রত্যুত্তর রূপে লেখা হয়েছিল?
- (ঠ) 'চারুপাঠ' কার লেখা? এটি ক-টি খণ্ডে সম্পূর্ণ?
- (ড) বঙ্কিমচন্দ্রের সাহিত্য সমালোচনা বিষয়ক দুটি প্রবন্ধের নাম লেখো।
- (ঢ) হরপ্রসাদ শাস্ত্রীর প্রকৃত নাম কী? তাঁর লেখা একটি প্রবন্ধের নাম লেখো।
- (ণ) 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' গ্রন্থটি কার লেখা? তাঁর আত্মকাহিনিটির নাম কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৫=২০

- (ক) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের 'বৃহসংহার কাব্য' কবে প্রকাশিত হয়েছিল? এই কাব্য রচনায় কবির কৃতিত্ব বিচার করো।
- (খ) 'অবকাশরঞ্জিনী' কার লেখা? এই কাব্যের একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) গোবিন্দচন্দ্র দাসের কবিপ্রতিভার মূল্যায়ন করো। কবি কী অভিধায় পরিচিত ছিলেন?
- (ঘ) রামমোহন রায়ের গদ্যরীতি সম্পর্কে আলোচনা করো।
- (ঙ) বঙ্কিম অনুসারী প্রাবন্ধিক অক্ষয়চন্দ্র সরকারের প্রবন্ধ সাহিত্যের পরিচয় দাও। তিনি কোন পত্রিকা সম্পাদনা করতেন?
- (চ) প্রবন্ধকার হিসেবে দেবেন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্বের একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। তিনি কোন পত্রিকা প্রকাশ করেছিলেন?

৩। 'ক' অথবা 'খ' এবং 'গ' অথবা 'ঘ'-এর মধ্যে থেকে একটি করে মোট দুটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- (ক) 'আখ্যানকাব্য' বলতে কী বোঝো? ঊনবিংশ শতাব্দীর আখ্যানকাব্য ধারার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।
অথবা
- (খ) রোমান্টিক গীতিকবি হিসেবে অক্ষয়কুমার বড়ালের কৃতিত্ব বিচার করো।
- (গ) বিদ্যাসাগরকে রবীন্দ্রনাথ 'বাংলা ভাষার প্রথম যথার্থ শিল্পী' বলেছিলেন। রবীন্দ্রনাথের এই অভিমতের কারণ ও যথার্থ্য বিচার করো।
অথবা
- (ঘ) বঙ্কিমচন্দ্রের ব্যঙ্গাত্মক ও সরস প্রবন্ধ সাহিত্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।